

সমুদ্রজয় নিয়ে স্কুল-কলেজে ক্লাস নিতে নির্দেশ শিগগির


যাযাদি রিপোর্ট

মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের 'সমুদ্রজয়' নিয়ে দেশের সব মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে একটি ক্লাস নেয়ার সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিগগিরই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এসব শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে এ বিষয়ে নির্দেশ পাঠানো হবে। শিক্ষা সচিব কামাল আবদুল নাসের চৌধুরী সাংবাদিকদের এ কথা জানান।

সচিব বলেন, বঙ্গোপসাগরে বাংলাদেশের অর্জন তুলে ধরার পাশাপাশি দেশের স্থল ও জলসীমা এবং সেখানকার সম্পদ সম্পর্কে শিক্ষার্থীদের সুনির্দিষ্ট ধারণা দিতেই এই উদ্যোগ নেয়া হয়েছে। আগামী সপ্তাহের মধ্যে 'সমুদ্রবিজ্ঞান' নিয়ে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের এই ক্লাস নিতে হবে। শিক্ষার্থীদের জন্য এ বিষয়ে একটি নোট তৈরি করা হচ্ছে।

সচিব জানান, বাংলাদেশের 'সমুদ্রজয়' নিয়ে সারা দেশের মাধ্যমিক বিদ্যালয় ও কলেজগুলোতে একটি করে ক্লাস নেয়ার জন্য শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের নির্দেশনা দেয়া হবে।

এ ব্যাপারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরকে (মাউশি) বলা হবে। মাউশি নোটসহ সংশ্লিষ্ট সব শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের এ ব্যাপারে নির্দেশনা দেবে। শিক্ষা মন্ত্রণালয়ের



কর্মকর্তারা জানান, সমুদ্রজয় এবং দেশের স্থল ও জলসীমা নিয়ে শিক্ষার্থীদের জন্য সহজবোধ্য করে একটি নোট তৈরি করা হচ্ছে।

এতে পানির গভীরতা মাপের একক ফ্যাদম, জলসীমা পরিমাপের একক নটিক্যাল মাইল, বিশেষ অর্থনৈতিক অঞ্চল, অভ্যন্তরীণ নৌসীমা, মহাসাগরীয় সীমা অন্য বিষয়গুলোকে সহজ করে উপস্থাপন করা হবে।

গত ১৪ মার্চ বঙ্গোপসাগরে বাংলাদেশের এককুমিত্ত ইকোনমিক জোন ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত বিস্তারের পক্ষে রায় দেয় সমুদ্র আইনবিহয়ক আন্তর্জাতিক আদালত। রায়ের আগে যা ছিল ৩০ নটিক্যাল মাইল।